এবার   ভাসিয়ে দিতে হবে আমার এই তরী –
তীরে ব'সে যায় যে বেলা, মরি গো মরি ॥
ফুল-ফোটানো সারা ক'রে    বসন্ত যে গেল স'রে,
নিয়ে ঝরা ফুলের ডালা বলো কী করি ।
জল উঠেছে ছল্‌ছলিয়ে, ঢেউ উঠেছে দুলে,
মর্মরিয়ে ঝরে পাতা বিজন তরুমূলে ।
শূন্যমনে কোথায় তাকাস ।
ওরে,    সকল বাতাস সকল আকাশ
আজি   ওই পারের ওই বাঁশির সুরে উঠে শিহরি ॥

---

Parjaay: Prakriti / Basanta, Taal: Dadra, Raag: Mishra-Hameer
Visit www.geetabitan.com for notation and other detail